# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.১৯-২৬৪

তারিখঃ ২৫-০৬-১৪২৮ বঙ্গাঃ
১০-১০-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

যেহেতু, জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম (আইডিনং-৯০০৬০২০০১), অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বোর্ড সচিবালয় (আইন বিভাগ), বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে অননুমোদিতভাবে অনুপস্থিতি সংক্রান্ত উত্থাপিত অভিযোগ তদন্ত করার জন্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুসঙ্গিক রেকর্ডপত্রাদি হতে দেখা যায়, জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বোর্ড সচিবালয়,বাপাউবো, ঢাকা কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকার নিয়োগাদেশ নং-৪২.০১.০০০০.০৩০.১১.০০৪.১৯-১৩৩৮ তারিখ ১৪-১০-২০১৯ খ্রিঃ মোতাবেক কতিপয় শর্ত সাপেক্ষে সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে আইন বিভাগ,বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা দপ্তরে বিগত ১২-১১-২০১৯ খ্রিঃ তারিখে যোগদান করেন। পরবর্তীতে ১৪-১১-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত দপ্তরের কাজে নিয়োজিত থেকে ১৫-১১-২০১৯ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন।

৩। যেহেতু, জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক নিয়োগ আদেশের শর্ত ভঙ্গ করে বিগত ১৫-১১-২০১৯ খ্রিঃ তারিখ হতে দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার বিষয়টি পর্যালোচনান্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগাদেশের ড নং শর্ত অনুযায়ী কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৫-১১-২০১৯ খ্রিঃ তারিখ হতে চাকরিচ্যুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বোর্ড সচিবালয়, বাপাউবো,ঢাকাকে নিয়োগাদেশের ড নং শর্ত অনুযায়ী দপ্তরের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৫-১১-২০১৯ খ্রিঃ তারিখ হতে চাকরিচ্যুত করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১০/১০/২০২১
(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.১৯-২৬৪(৯)

তারিখঃ ২৫-০৬-১৪২৮ বঙ্গাঃ
১০-১০-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। সচিব, বোর্ড সচিবালয়,বাপাউবো,ঢাকা।
৩। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,বাপাউবো,ঢাকা।
৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। উপপরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯।(ক) জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বোর্ড সচিবালয়, বাপাউবো,ঢাকা ।
(খ) জনাব মোঃ শামীমুল ইসলাম শামীম ,পিতা-মোঃ ইব্রাহীম হোসাইন,মাতা-জানারা খাতুন,গ্রাম-চরঝাউগড়া,ডাকঘর-শম্ভুগঞ্জ,উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ।

১০/১০/২০২১

(মোঃ নোমান ফরিদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

ডায়েরী নং ৫৫৫৪ ◆ তারিখঃ ১২/১০/২১
প্রোগ্রামার ১/২ ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
হার্ডওয়্যার প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E/Asma/OO.Dismiss P-8